



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/২০১৮

তারিখ: ১ অক্টোবর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১ অক্টোবর, ২০১৮ তারিখ সকাল ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের চা পানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের পরিচালনায় সেন্ট্রাল ক্যাফেটেরিয়া নতুন করে চালু করা হয়।

এসময় ভাইস চ্যান্সেলর বলেন, নতুন উদ্যোগে কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ক্যাফেটেরিয়া চালু করার প্রধান উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদের স্বাস্থ্যসম্মত খাবারের ব্যবস্থা করা। শিক্ষার্থীদের সুবিধার বিষয়টির বিবেচনা করে পর্যায়ক্রমে ক্যাফেটেরিয়াটি আরো উন্নত করা হবে।

ভাইস চ্যান্সেলর আরো বলেন, ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের চারপাশে প্রায় ৬ কিলোমিটার সীমানা প্রাচীর করা হবে। কিছু প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও আমরা চেষ্টা করছি যাতে দ্রুত সীমানা প্রাচীর নির্মাণের কাজ শুরু করা যায়।

ক্যাফেটেরিয়া উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, ডিনবন্দ, প্রক্টর, বিভিন্ন হলের প্রভোস্ট এবং সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এখন থেকে ছাত্রউপদেশ ও নির্দেশনা পরিচালকের নেতৃত্বে ৫ সদস্যের কমিটির মাধ্যমে ক্যাফেটেরিয়াটি পরিচালিত হবে। একজন ডেপুটি রেজিস্ট্রার পরিচালকের দায়িত্ব পালন করবেন। এতে সার্বক্ষণিক নিয়োজিত থাকবেন একজন সুপারভাইজার ও একজন ক্যাশিয়ার। এ ক্যাফেটেরিয়ায় শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তাদের জন্য সর্বনিম্ন মূল্যে খাবার সরবরাহ করা হবে এবং কর্তৃপক্ষ এর মাধ্যমে কোন লাভ করবে না।

উল্লেখ্য, ২০০৯ সালে চালু হওয়া ক্যাফেটেরিয়াটি ক্যাটারারে মাধ্যমে পরিচালিত হতো।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার